# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৮৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ঘুমন্ত ব্যক্তি যখন ঘুম থেকে জাগ্রত হবে, তখনই সালাত আদায় করার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ بِالصَّلَاةِ لِلنَّائِمِ إِذَا اسْتَيْقَظَ عِنْدَ استيقاظه

---

আরবী

1486 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا جَرِيرٌ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ:جَاءَتِ امْرَأَةٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ زَوْجِي صَفْوَانَ بْنَ الْمُعَطَّلِ يَضْرِبُنِي إِذَا صَلَّيْتُ وَيُفَطِّرُنِي إِذَا صُمت وَلَا يُصَلِّي صَلَاةَ الْفَجْرِ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ قَالَ ـ وَصَفْوَانُ عِنْدَهُ ـ فَسَأَلَهُ عَمَّا قَالَتْ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ أَمَّا قَوْلُهَا: يضربني إذا صليت فإنها تقرأ بسورتين وَقَدْ نَهَيْتُهَا عَنْهَا فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَوْ كَانَتْ سُورَةً وَاحِدَةً لَكَفَتِ النَّاس) قَالَ: وَأَمَّا قَوْلُهَا: يُفَطِّرُنِي إِذَا صُمت فَإِنَّهَا تَنْطَلِقُ فَتَصُومُ وَأَنَا رَجُلٌ شَابٌّ وَلَا أَصْبِرُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَوْمَئِذ:(لَا تَصُومُ امْرَأَةٌ إِلَّا بِإِذْنِ زَوْجِهَا) قَالَ: وَأَمَّا قَوْلُهَا: لَا أُصَلِّي حَتَّى تَطْلُعَ الشَّمْسُ فَإِنَّا أَهْلُ بَيْتٍ لَا نَكَادُ نَسْتَيْقِظُ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ فَقَالَ صَلَّى اللَّهُ عليه وسلم: (فإذا استيقظت فَصَلِّ)

الراوي : أَبُو سَعِيد الْخُدْرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1486 | خلاصة حكم المحدث : صحيح ـ ((الصحيحة)) (395) , ((صحيح أبي داود)) (2122).

বাংলা

১৪৮৬. আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, এক নারী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার স্বামী সাফওয়ান বিন মুআত্তাল (রাদ্বিয়াল্লাহু আনহু), যখন আমি সালাত আদায় করি, তখন তিনি আমাকে প্রহার করেন, আমি যখন

সিয়াম রাখি, তখন তিনি আমার সিয়াম ভেঙ্গে দেন, তিনি সূর্য উদিত না হওয়া পর্যন্ত ফজরের সালাত আদায় করেন না।” রাবী বলেন, -এই সময় সাফওয়ান বিন মুআত্তাল রাদ্বিয়াল্লাহু আনহু উপস্থিত ছিলেন- তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে তাঁর স্ত্রীর অভিযোগ সম্পর্কে জিজ্ঞেস করেন, জবাবে তিনি বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তার বক্তব্য “যখন আমি সালাত আদায় করি, তখন তিনি আমাকে প্রহার করেন” সে দুই সূরা পড়ে সালাত আদায় করে, অথচ আমি তাকে এরকম করতে নিষেধ করেছি।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “যদি একটি সূরা পড়া হয়, তবে সেটা সব মানুষের জন্যই যথেষ্ট হয়ে যাবে।” সাফওয়ান বিন মুআত্তাল রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, তার অভিযোগ “আমি যখন সিয়াম রাখি, তখন তিনি আমার সিয়াম ভেঙ্গে দেন” সে একাধারে সিয়াম রাখতেই থাকে, আর আমি যুবক মানুষ সংবরণ করতে পারি না।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “কোন নারীই তার স্বামীর অনুমতি ব্যতিত (নফল) সিয়াম পালন করবে না।” সাফওয়ান বিন মুআত্তাল রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, তার অভিযোগ “তিনি সূর্য উদিত না হওয়া পর্যন্ত ফজরের সালাত আদায় করেন না” আমরা গৃহবাসী, প্রায়ই সূর্য উদিত না হওয়া পর্যন্ত জাগ্রত হতে পারি না।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “যখন তুমি জাগ্রত হবে, তখনই সালাত আদায় করে নিবে।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৮০; আবূ দাঊদ: ২৪৫৯; তাহাবী, মুশকিলুল আসার: ২/৪২৪; হাকিম: ১/৪৩৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২১২২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90801

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন